

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা
আইসিটি সেল, মনিটরিং বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং ১২.০৬.০০০০.২২২.২৫.০০১.১৭-৬৬

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৮।


বিষয়ঃ বিএডিসি'র মাঠ পর্যায়ের অফিসসমূহের জন্য নথির ডিজিটাল কোড নম্বর বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১. মনিটরিং বিভাগের স্মারক নং ১২.০৬.০০০০.২২২.২৫.০০১.১৭-২৯১; তারিখঃ ৩১ ডিসেম্বর ২০১৭।

২. গত ২৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র সদর দপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালু হয়েছে। ই-ফাইলিং পদ্ধতিতে সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথি নম্বর তৈরি হয় বিধায় ই-ফাইলিং পদ্ধতির সাথে বিদ্যমান পদ্ধতির সঙ্গতি রক্ষার জন্য নথি খোলার ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ যথাযথভাবে অনুসরণ করার জন্য সুত্রোস্থ পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে বিএডিসি'র মাঠ পর্যায়ের বিভিন্ন অফিস হতে টেলিফোনে নথি খোলার ক্ষেত্রে তিন অঙ্কবিশিষ্ট অফিস/দপ্তর কোড চাওয়া হচ্ছে, যা নথি নম্বরের চতুর্থ অবস্থানে সন্নিবেশিত হয়। সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে বিএডিসি'র সকল বিভাগ/ দপ্তর/ শাখার কোড নম্বর বরাদ্দ করা হয় বিধায় বিএডিসি'র মাঠ পর্যায়ের অফিসসমূহের কোড নম্বর বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

০২. বিষয়টি অতীব জরুরী।


০৭.০২.১৮

(মোঃ আঃ ছাত্তার গাজী)
প্রধান (মনিটরিং) চলতি দায়িত্ব
ও
কো-অর্ডিনেটর (আইসিটি সেল)
বিএডিসি, ঢাকা।

যুগ্মসচিব (সওব্য)

বিএডিসি, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৩. সদস্য পরিচালক (অর্থ/ বীজ ও উদ্যান/ সারব্যবস্থাপনা/ ফ্লুইডসেচ) মহোদয়ের সহ. ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৪. সচিব, বিএডিসি'র সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

সংযুক্তিঃ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর সংশ্লিষ্ট অংশের ফটোকপি (০৪ পাতা)।